ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বৈশাখ ০৪, ১৪২০

বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখ ঃ --------------
এপ্রিল ১৭, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন, ইমারত নির্মাণ প্রভৃতি এবং
পৌরসভা কর্তৃক অনুমোদিত নকশার অনুসরণে প্রস্তাবিত প্রকল্পে ব্যাংকের অর্থায়ন।

লক্ষ্য করা যাচ্ছে যে, সংবিধিবদ্ধ সংস্থার অনুমোদনহীন বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন, এ ধরণের প্রকল্পে ইমারত নির্মাণ এবং নির্মিত ইমারতের ফ্ল্যাট ক্রয়ের জন্য ব্যাংক কর্তৃক ঋণ বিতরণ করা হচ্ছে। এছাড়া, ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানের নিজস্ব অবকাঠামো উন্নয়ন ও ইমারত নির্মাণ এবং একইসাথে প্রাতিষ্ঠানিক ও ব্যাক্তিগত কোন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন ও ইমারত নির্মাণের জন্য ব্যাংকের অর্থায়নকালে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর পূর্ণ অনুসরণে পৌরসভার অনুমোদন গ্রহণ করা হচ্ছে না যা সুষ্ঠু ব্যাংকিং নিয়মাচারের পরিপন্থী।

এ প্রেক্ষিতে, বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন এবং প্রস্তাবিত কোন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন, ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণে অর্থায়নের পূর্বে ব্যাংক নিম্নবর্ণিত শর্তাদি যথাযথভাবে পরিপালন করবে ঃ

১। (ক) সংবিধিবদ্ধ সংস্থার অনুমোদনবিহীন বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন, এ ধরণের আবাসিক প্রকল্পে ইমারত নির্মাণ এবং নির্মিত ইমারতের ফ্ল্যাট ক্রয়ের জন্য কোন প্রকার ঋণ/ঋণ-সুবিধা অনুমোদন করা যাবে না।

(খ) অনুমোদিত আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়নের জন্য ঋণ বিতরণের পূর্বে বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪-এ উল্লেখিত সকল শর্ত ও পরামর্শ অনুযায়ী আবাসিক প্রকল্পের কার্যক্রম পরিচালিত হওয়া সম্পর্কে নিশ্চিত হতে হবে।

(গ) ব্যাংকে রক্ষিত আবাসন প্রকল্পের বন্ধকীকৃত জমি ব্যতিরেকে অন্য কোন জমিতে অথবা অন্য কোন আবাসন প্রকল্পে ল্যান্ড ডেভেলপার ব্যাংক-ঋণের অর্থ ব্যবহার করছে কী-না সে বিষয়টি সরেজমিন পরিদর্শনপূর্বক নিশ্চিত হতে হবে।

(ঘ) রাজউকসহ অন্যান্য সংবিধিবদ্ধ সংস্থার অনুমোদনহীন আবাসিক প্রকল্পের অনুকূলে ব্যাংক ইতোমধ্যে ঋণ বিতরণ করে থাকলে, সেক্ষেত্রে বিতরণকৃত ঋণের সম্পূর্ণ অর্থ আদায় না হওয়া পর্যন্ত বন্ধকীকৃত সম্পত্তি ছাড় করা যাবে না।

২। এছাড়া, ব্যক্তিগতসহ সকল সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারী প্রতিষ্ঠানের কোন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন, ইমারত নির্মাণ বা পুনঃনির্মাণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫০(১)(গ) এবং একই আইনের ২য় তফসিল-এর ক্রমিক নম্বর ৩৫ ও ৩৬ এর বর্ণনা অনুযায়ী পৌরসভা কর্তৃক অনুমোদিত প্রকল্পে অর্থায়ন করা যাবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১১৭৮২৫